৩) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নভেম্বর/২০২৪ মাসের ব্যয়ঃ

| | |
|---|---|
| ০১। উপজেলা পরিষদে এক জন মালী,এক জন পরিচ্ছন্ন কর্মী ও এক জন নিরাপত্তা কর্মীর দৈনিক মজুরী বাবদ ব্যয়। | ৩০,৩৩৩/-টাকা। |
| ০২। ভ্যাট ও আয়কর জমা | ১,৪৩,৭৭০/-টাকা |
| ০৩। আপ্যায়ন ও আনুষংগিক বাবদ ব্যয়। | ৩১,৩২৫/-টাকা |

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের উক্ত ব্যয়ের অনুমোদন দেয়া হয়। এ ছাড়া উপজেলা পরিষদের বিভিন্ন ধরনের ভাড়াদি যথাসময়ে আদায় নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**বিবিধ আলোচনা ঃ**

| ক্রঃনং | বিভাগ/সংশ্লিষ্ট অফিস প্রধানের নাম | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১। | চেয়ারম্যান দেলুটি ইউনিয়ন পরিষদ। | চেয়ারম্যান দেলুটি ইউপি বলেন,পাইকগাছা উপজেলা অধিকাংশ লবণ পানির ঘের মালিক গণ রাস্তার নিচ দিয়ে পাইপের মাধ্যমে মৎসঘেরে পানি উত্তোলন করেন। পাইপের ম্যধমে পানি উত্তোলনের কারণে দেলুটি ইউনিয়নের অধিকাংশ রাস্তা নষ্ট হয়ে যাচ্ছে। যেখানে রাস্তা কাজ হবে সেখান থেকে পাইপ অপসারণ করার প্রস্তাব করেন। পাইকগাছা উপজেলা উপকুলের কাছাকাছি অবস্থিত হওয়ায় লবণাক্ততার কারণে নির্মাণাধীন ভবন গুলো নষ্ট হয়ে যায়। পাইকগাছা উপজেলার অধিকাংশ ইউনিয়ন পরিষদের ভবণগুলো নষ্ট হয়ে গেছে। ইউনিয়ন পরিষদের ভবন গুলো সংস্কার করার প্রস্তাব করেন। | ১। উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে উপজেলা প্রকৌশল এবং সংশ্লিষ্ট কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। |
| ০২। | চেয়ারম্যান রাড়ুলী ইউনিয়ন পরিষদ। | চেয়ারম্যান রাড়ুলী ইউপি বলেন, রাড়ুলী ইউনিয়নে কিছু জন গুরুত্বপূর্ণ রাস্তা আছে। জনগুরুত্বপূর্ণ রাস্তাগুলো কার্পেটিং করার প্রস্তাব করেন। রাড়ুলী ইউনিয়নের মধ্যদিয়ে পানি উন্নয়ন বোডের মাধ্যমে সম্পাদিত নদী খননের কাজের ফলে বর্ষা মৌসুমে পানি সরবরাহ করতে পারে না আবার মাঝে মাঝে বাঁধ ভেঙ্গে পানি প্লাবিত হন। এ জন্য পানি উন্নয়ন বোর্ডের মাধ্যমে স্থায়ী ভাবে একটা গেট নির্মানের প্রস্তাব করেন। | ১। উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে সংশ্লিষ্ট কর্মকর্তা প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। |
| ০৩ | উপজেলা প্রকৌশলী পাইকগাছা,খুলনা। | উপজেলা প্রকৌশলী বলেন,উপজেলা পরিষদের অক্টোবর/২৪মাসের মাসিক সধারণ সভায় গদাইপুর ইউনিয়নের ৩নং মটবাটী ও ২নং ঘোষাল সীমান্ত হোমিও ডাক্তার তপন রায়ের বাড়ি থেকে অদিত্যর বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কারসহ উঁচুকরণ ও ড্রেন নির্মান প্রকল্পটি অনুমোদন করা হয়। কিন্তু প্রাক্কলন প্রস্তুত করতে গিয়ে দেখা যায় রাস্তার দৈর্ঘ্য বৃদ্ধি করা প্রয়োজন ও রাস্তার পাশে ড্রেন করার জন্য পর্যাপ্ত জায়গা নাই। এ জন্য উক্ত প্রকল্পটি সংশোধন করার প্রস্তাব করেন। সংশোধিত প্রকল্প : গদাইপুর ইউনিয়নের ৩নং মটবাটী ও ২নং ঘোষাল সিমান্ত হোমিও ডাক্তার তপন রায়ের বাড়ি থেকে অদিত্যর বাড়ী পর্যন্ত রাস্তা সংস্কারসহ উঁচুকরণ। | ১। উপজেলা পরিষদের সকল সদস্যের সর্বসম্মত সিদ্ধান্ত ক্রমে সংশোধিত প্রকল্পটি অনুমোদিত হয়। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মাহেরা নাজনীন
প্রশাসক
উপজেলা পরিষদ পাইকগাছা
ও
সভাপতি
উপজেলা পরিষদ সাধারণসভা, পাইকগাছা, খুলনা।

স্মারক নং ঃ ৪৭.৪৪.৪৭৬৪.০০৬.০১.০০১.২৩-৮৩০(৫০)  তারিখ ঃ৫/০১/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, খুলনা।
৩। জেলা প্রশাসক, খুলনা
৪। উপজেলা ............................................ কর্মকর্তা, (সংশিষ্ট সকল), পাইকগাছা,খুলনা।
৫। চেয়ারম্যান.............................................ইউ পি (সকল) পাইকগাছা, খুলনা।
৬। জনাব ........................................... .পাইকগাছা , খুলনা।

মাহেরা নাজনীন
উপজেলা নির্বাহী অফিসার
পাইকগাছা,খুলনা।